

বাংলাদেশ চা বোর্ড
প্রধান কার্যালয়
১৭১-১৭২, বায়েজিদ বোস্তামী সড়ক
নাসিরাবাদ, চট্টগ্রাম।


স্মারক নং-বিটিবি/স/ভূমি-১/ভূমি নিয়ন্ত্রণ-১/৯২(আগা/২০১৭)-৩৩

তারিখ: ১৪ জুন ২০১৭খ্রি:

বিষয়: আগা চা বাগানের সাময়িক/অস্থায়ী নিবন্ধন বাতিল প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, পঞ্চগড় জেলার আগা চা বাগানটি বিগত ১১/০৩/২০০৩ তারিখে বাংলাদেশ চা বোর্ড হতে ৫(পাঁচ) বছরের জন্য সাময়িক/অস্থায়ী নিবন্ধন দেয়া হয়েছিল। যার সাময়িক/অস্থায়ী নিবন্ধন নং- A(P)-52। উক্ত চা বাগানের সাময়িক নিবন্ধনের মেয়াদ বিগত ১০/০৩/২০০৮ তারিখে উত্তীর্ণ হলেও বাগান কর্তৃপক্ষ স্থায়ী নিবন্ধনের জন্য আবেদন করেনি। গত ০১/০৬/২০১৭ তারিখে বাংলাদেশ চা বোর্ড, আঞ্চলিক কার্যালয়, পঞ্চগড় এর উর্ধ্বতন পরিকল্পনা কর্মকর্তা কর্তৃক আগা চা বাগান সরেজমিনে পরিদর্শনকালে দেখা যায় যে, আগা চা বাগানে চা গাছের কোন অস্তিত্ব নেই এবং বাগানের বেশীরভাগ জায়গা বেদখল হয়ে গেছে। বাগানের মালিক প্রথমদিকে ৪৭৫.০০ একর জমি ক্রয় করে বাগানটিতে চা চাষের কার্যক্রম শুরু করলেও বর্তমানে মাত্র ১০.০০ একর জমিতে বিক্ষিপ্ত অবস্থায় অল্প সংখ্যক চা গাছ আছে যা পরিচর্যার অভাবে প্রায় বিলীন হওয়ার পথে। উল্লেখ্য চা গাছ রোপনে বাগান মালিকের কোন আগ্রহ নেই মর্মে বাগানের ব্যবস্থাপক পরিদর্শন কর্মকর্তাকে অবিহিত করেন।

এমতাবস্থায়, বাংলাদেশ চা বোর্ড কর্তৃক আগা চা বাগানের সাময়িক/অস্থায়ী নিবন্ধন নং- A(P)-52 এতদদ্বারা বাতিল করা হলো।


(মোহাম্মদ নূরুল্লাহ নূরী)
সচিব
বাংলাদেশ চা বোর্ড, চট্টগ্রাম।
ফোনঃ ০৩১-৬৮২০৯৬
ই-মেইলঃ secretarybtb1@gmail.com

ব্যবস্থাপনা পরিচালক
আগা ইন্ডাস্ট্রিজ এন্ড কর্মাস লিমিটেড
জাতীয় স্কাউট ভবন, ৭০/১
পুরানা পল্টন লাইন, ঢাকা-১০০০।
মোবাইল নং-০১৭১৪৯৪৭৭৯৯, ০১১৯০৯৩৯৩৩০।

বিতরণ :

- ০১। সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষণ :- অতিরিক্ত সচিব (রপ্তানী)।
- ০২। ব্যবস্থাপনা পরিচালক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, রাজশাহী।
- ০৩। জেলা প্রশাসক, পঞ্চগড়।
- ০৪। পরিচালক, বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউট, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
- ০৫। পরিচালক, প্রকল্প উন্নয়ন ইউনিট, বাংলাদেশ চা বোর্ড, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
- ০৬। উপ-পরিচালক (পরিকল্পনা), বাংলাদেশ চা বোর্ড, চট্টগ্রাম।
- ০৭। জনসংযোগ ও শ্রমকল্যাণ কর্মকর্তা, বাংলাদেশ চা বোর্ড চট্টগ্রাম।
- ০৮। উন্নয়ন কর্মকর্তা, বাংলাদেশ চা বোর্ড, আঞ্চলিক কার্যালয়, ধাক্কারা, বাগানবাড়ী, পঞ্চগড়।
- ০৯। চেয়ারম্যান, বাংলাদেশী চা সংসদ, হাউজ নং-৪৬০, রোড নং-৩১, নিউ ডিওএইচএস, মহাখালী, ঢাকা-১২০৬।
- ১০। সভাপতি, পঞ্চগড় চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, পঞ্চগড়।
- ১১। পিএ টু চেয়ারম্যান, বাংলাদেশ চা বোর্ড, চট্টগ্রাম। বিষয়টি চেয়ারম্যান মহোদয়ের সদয় নজরে আনার জন্য।